তারিখ ... APR 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৮ ...

যুগান্তর

# শিক্ষানীতি বাতিল দাবিতে হেফাজতের বিক্ষোভ

যুগান্তর রিপোর্ট

জাতীয় শিক্ষানীতি বাতিলের দাবিতে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে হেফাজতে ইসলাম ঢাকা মহানগরী শাখা। সাধারণ শিক্ষার পাঠ্যপুস্তক ও সিলেবাস থেকে ইসলামী ভাবধারার লেখা বাদ দিয়ে তার পরিবর্তে মুসলিম ঐতিহ্য চেতনা পরিপন্থী লেখা পাঠ্যভুক্ত করার প্রতিবাদে তারা এই কর্মসূচি পালন করে। শুক্রবার জুমার নামাজের পর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে হেফাজতে ইসলামের কয়েক হাজার কর্মী-সমর্থক এই কর্মসূচিতে অংশ নেন।

মিছিলপূর্ব সংক্ষিপ্ত সমাবেশে হেফাজতের ঢাকা মহানগর শাখার আহ্বায়ক ও কেন্দ্রীয় নায়েবে আমীর আল্লামা নূর হোছাইন কাসেমী বলেন, ৯২ শতাংশ মুসলমানের দেশে শিরক ও হিন্দুত্ববাদী শিক্ষা যুক্ত করা হয়েছে। মুসলমানদের ঈমান আকিদার শিক্ষাকে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪